গাংনীতে জামায়াতের শিক্ষা শিবির অনুষ্ঠিত

গাংনীতে জামায়াতে ইসলামীর গাংনী পৌর শাখার ৮ নং ওয়ার্ডের এক কর্মী শিক্ষা শিবির (টিএস) অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (২৭ ডিসেম্বর) সকালে গাংনী উপজেলা জামায়াতের কার্যালয়ে শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়।

গাংনী পৌরসভার ৮ নম্বর জামায়াতের সভাপতি হাসান সাঈদ সরোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত টি এস এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডাঃ রবিউল ইসলাম, মেহেরপুর সদর জামায়াতের আমির মাওলানা সোহেল রানা, জেলা কর্মপরিষদ ও সূরা সদস্য নাজমুল হুদা।

এ ছাড়াও আরো উপস্থিত ছিলেন পৌর জামায়াতের বাইতুলমাল ও রাজনৈতিক সেক্রেটারি মাওলানা জিল্লুর রহমান, ৮ নম্বর ওয়ার্ড সেক্রেটারি মোঃ মনিরুল ইসলাম, ৭ নম্বর ওয়ার্ড সভাপতি মোঃ তমিজ উদ্দিন প্রমুখ।

গাংনীতে পিএসকেএস এর উদ্যোগে মাঠ দিবস

মেহেরপুরে গাংনীর বেসরকারি সংস্থা পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির অধীনে সংগঠিত সংস্থার সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য খাতের আওতায় চাইনিজ কার্প মাছ চাষের” উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

২০২৪-২৫ অর্থ বছরে গাংনীর জালশুকা গ্রামে ” মাঠ দিবস”অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পিএসকেএস এর উপ-পরিচালক মোঃ কামরুল আলম, গাংনী শাখা ম্যানেজার,পিএসকেএস এর মৎস্য কর্মকর্তা মোঃ ইকরামুল হাসান ও সহকরী মৎস্য কর্মকর্তা মোঃ খালেদ কবির সহ সমন্বিত কৃষি ইউনিটের সদস্যবৃন্দ।

অনুষ্ঠানে উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

গাংনীতে এবার ব্যবসায়ীর দোকানে সামনে বো*মা

বোমা বিস্ফোরণের একদিন পর এবার গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামে এক ব্যবসায়ীর দোাকানের সামনে থেকে দুটি হাতবোমা উদ্ধার করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৬ ডিসেম্বর) সকালে গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামের দয়েরপাড়া এলাকার রতন আলীর মুদি দোকানের দরজায় ঝোলানো অবস্থায় হাতবোমা দুটি উদ্ধার করেন পুলিশ।

স্থানীয়রা জানান, রতন আলীর দোকানের সামনে মশারির জালের ব্যাগের মধ্যে লাল কসটেপ মোড়ানো হাতবোমা দুটি দেখে পুলিশকে খবর দেওয়া হয়।

পরে গাংনী থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে গিয়ে বোমা দু’টি উদ্ধার করেন। এ ধরনের ঘটনায় গ্রামের মানুষ আতঙ্কে রয়েছে।

রতন আলীর বাবা আশরাফুল ইসলাম জানান, ফজরের নামাজ শেষ করে দোকান খুলতে গিয়ে দেখি দোকানের দরজার সাথে একটি মশারির ব্যাগের মধ্যে দুটি বোমা সাদৃশ্য বস্তু রয়েছে। বিষয়টি দ্রুত পুলিশকে খবর দিলে পুলিশ এসে বোমা সাদৃশ্য বস্তু দু’টি উদ্ধার করে। এই ঘটনায় আমরা পরিবারের সকলে আতঙ্কে রয়েছি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. বানী ইসরাইল জানান, সংবাদ পেয়ে ঘটনাস্থলে পুলিশের একটি টিম গিয়ে বোমা দুটি উদ্ধার

খ্রীস্টান ধর্মালম্বীদের সাথে গাংনী উপজেলা বিএনপির সম্পাদকের শুভেচ্ছা বিনিময়

খ্রীষ্ট ধর্মালম্বীদের সাথে মতবিনিময় করেছেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু।

বড়দিন উপলক্ষে আজ বুধবার বিকালে তিনি গাংনী উপজেলার নিত্যানন্দপুর, পাকুড়িয়া, জুগিন্দা গ্রামের খ্রীস্টান ধর্মালম্বীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। এসময় তিনি নিত্যনন্দপুর গ্রামে শুভ বড়দিনের উপলক্ষে আয়োজিত দিনব্যাপি মেলা পরিদর্শন করেন।

এসময় তার সাথে ছিলেন গাংনী পৌর বিএনপির ২ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, বিএনপি নেতা ফজলুর রহমান, মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হোসেনসহ বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

গাংনীর বেসরকারি সংস্থা পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নে শীত নিবারণের জন্য দুই শতাধিক দরিদ্র প্রবীণদের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা হয়।

শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উপ পরিচালক মোঃ কামরুল আলম, উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ জাহিদুল ইসলাম, সহকারী উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ রাকিবুল ইসলাম, শাখা ব্যবস্থাপক মোঃ আবুল কালাম আজাদ, কাজিপুর ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতিসহ আরো অনেকে।

এদিকে গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের অসহায় ১৫ জন মানুষের মাঝে কম্বল বিতরণ করে সংস্থাটি।

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি প্রতিষ্ঠাকাল থেকে দরিদ্র অসহায় মানুষের জীবন মান উন্নয়নসহ দরিদ্রের পাশে দাঁড়িয়ে সেবা দিয়ে আসছে।

গাংনীতে বিকট শব্দে বোমা বিস্ফোরণ, এলাকায় আতংক

লাল কসটেপ মোড়ানো বস্তুর গায়ে লাথি মারতেই বিকট শব্দে বিস্ফোরণ ঘটেছে। এতে কেউ হতাহত না হলেও এলাকায় নতুন করে তৈরী হয়েছে আতংক।

গাংনী উপজেলার কড়ুইগাছি বাজারের আদম ব্যবসায়ী রোকন আলীর মার্কেটের সামনে এই বিস্ফোরণের ঘটনা ঘটে।
আজ বুধবার (২৫ ডিসেম্বর) সকাল সাড়ে ১১ টার সময় এই বিস্ফোরণের ঘটনা ঘটে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, খবর শোনার পর পুলিশের একটি টিম ঘটনাস্থলের উদ্দেশ্য গেছেন।

মার্কেটের মালিক আদম ব্যবসায়ী রোকন জানান, আমি চারদিন আগে ঢাকায় এসেছি। আজকেই বাড়ি ফেরার জন্য পথের মধ্যে আছি। কড়ুইগাছি বাজারে

আমার মার্কেট সংলগ্ন দ্বোতালা বাড়ি। মার্কেটে একটি রুম আমি আদম ব্যবসার অফিস হিসেবে ব্যবহার করি। অপর দুটিতে দোকান হিসেবে ভাড়ায় দেওয়া হয়েছে। আজ সকাল ১১ টার দিকে লাল কসটেপ মোড়ানো একটি বোমা পড়ে থাকতে দেখে ভাড়াটিয়া দোকানদার ধীরেন দাশ না বুঝেই সেটিকে লাথি মারে। লাথি মারার সাথে সাথে বিকট শব্দে বোমার বিস্ফোরণ। তবে কেউ হতাহত হয়নি।

উল্লেখ্য, গত ৪ নভেম্বর সকালে কড়ুইগাছি গ্রামের শ্রমিকলীগের রাইপুর ইউনিয়নের সাধারণ সম্পাদক সুমন ইসলামের বাড়ি থেকে দুটি হাতবোমা ও লাশ দাফনের সরঞ্জামসহ প্রাণনাশের হুমকি সংবলিত চিরকুট উদ্ধার করা হয়।

পরপর বোমা উদ্ধার ও বোমার বিস্ফোরণের ঘটনায় এলাকায় নতুন করে আতংক বিরাজ করছে।

গাংনীতে পৌর গাইডলাইন বিষয়ক এ্যাডভোকেসী সভা

মাঠ,পার্ক ও উম্মুক্ত স্থান, স্থানীয় জনগনকে শরীরচর্চায় উদ্বুদ্ধকরনে পৌর গাইডলাইন বিষয়ক এ্যাডভোকেসী সভা আয়োজন করা হয়েছে।

সিটিজেন নেটওয়ার্কের সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র মউকের আয়োজনে আজ মঙ্গলবার সকাল ১০টার দিকে গাংনী পৌরসভার সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

মউকের নির্বাাহী প্রধান আসাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাাহী অফিসার ও গাংনী পৌরসভার প্রশাসক প্রীতম সাহা।

সভার লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

নারীদের মুক্তভাবে চলার জন্য বিভিন্ন রোগ ও স্বাস্থ্য বিষয়ে

আলোচনা করেন গাংনী সাস্থ্য কমপ্লেক্স ডাক্তার (আর এম ও) মাসুদুর রহমান।

এসময় আরো বক্তব্য রাখেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ নাছির উদ্দীন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ হোসনে মোবারক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান, সহকারী প্রকৌশলী ও সচিব মোঃ শামীম রেজা।

মানবাধিকার কর্মি ফাহিমা অখতারের পরিচালনায় জনপ্রতিনিধি, সাংবাদিক ও যুবসমাজের প্রতিনিধি সহ বিভিন্ন শ্রেনী পেশার প্রায় অর্ধশতাধিক মানুষ উপস্থিত ছিলেন।

গাংনীতে ডিএপি সার জব্দ করে কৃষকদের মাঝে বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার নওপাড়া গ্রামে অভিযান চালিয়ে ৮৮ বস্তা ডিএপি সার জব্দ করেছে কৃষি অফিস। পরে কৃষকদের মাঝে সরকার নির্ধারিত মূল্যে বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (২৪ ডিসেম্বর) দুপুরে গাংনী উপজেলার নওপাড়া গ্রামের কৃষক ফিরোজুল ইসলাম ওরফে ইদুর বাড়িতে অভিযান চালিয়ে এ সার জব্দ করা হয়।

গাংনী উপজেলার কাথুলি ইউনিয়নের নওপাড়া ব্লকের উপ-সহকারি কৃষি অফিসার ফরিদ হোসেন ও সোহেল রানা খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে সারগুলো উদ্ধার করেন। এসময় ট্রাক থেকে সারগুলো আনলোড করা হচ্ছিল।

পরে উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার রাসেল রানার তত্বাবধানে জব্দকৃত ডিএপি সার স্থানীয় ৫৩ জন কৃষকের মাঝে সরকারি মূল্যে বিক্রি করা হয়।

উপজেলা কৃষি সস্প্রসারণ অফিসার কৃষিবিদ রাসেল রানা জানান, সারগুলো স্থানীয় ডিলারদের মাধ্যমে মজুদ করা হয়নি। এলাকার কিছু

কৃষক পার্শ্ববর্তি জেলা থেকে সারগুলো সংগ্রহ করেছিলেন। যেসব কৃষক সারগুলো সংগ্রহ করেছেন তাদের মাঝেই জব্দকৃত সার বিতরণ করা হয়েছে।

গাংনীতে জাতীয় নাগরিক কমিটির মতবিনিময় সভা

জাতীয় নাগরিক কমিটির কেন্দ্রীয় সদস্য সুপ্রীম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট সাকিল আহমাদ বলেছেন, তারুণ্যের মধ্যে রয়েছে দেশ প্রেম, কর্মস্পৃহা, কাজের প্রতি প্রতিজ্ঞা। তাই বয়স্কদের পরামর্শে আজকের তারুণরা আগামীতে দেশ গঠণে কাজ করবে। তরুণদের কাজের মধ্য দিয়ে দূর্ণীতিমুক্ত, বৈষম্যহিন একটি সুন্দর, সম্প্রীতির এক সম্ভাবনার বাংলাদেশ গড়ে উঠবে।

গতকাল সোমবার বিকালে ফ্যাসিবাদি ব্যবস্থার বিলোপ ও নতুন রাজনৈতিক বন্দোবস্ত বায়নের লক্ষ, জাতীয় নাগরিক কমিটি মেহেরপুরের “গাংনী রাইজিং”র উদ্যোগে আয়োজিত মতবিনিময় সভায় একথা বলেন তিনি। গতকাল সোমবার বিকালে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আমির হামজার সঞ্চালনায় অনুষ্ঠিত মতবিনিময় সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য দেন গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, নাহিদ মাহমুদ, প্রকৌশলী সাজেদুর রহমানসহ স্থানীয় সংবাদিক, অ্যাডভোকেটসহ নানা পেশার প্রতিনিধি।

জাতীয় নাগরিক কমিটি (জানাক)’র উদ্যেশ্য ও লক্ষ তুলে ধরে অ্যাডভোকেট শাকিল আহমেদ আরও বলেন, ‘ফ্যাসিবাদী ব্যবস্থার বিলোপ ও নতুন রাজনৈতিক বন্দোবস্ত বাস্তবায়নের কার্যক্রমকে সম্প্রসারিত করার লক্ষ্যে এবং জুলাই অভ্যুত্থানের স্পিরিটকে সমুন্নত রাখতে জাতীয় নাগরিক কমিটির সাংগঠনিক কাঠামো গঠন করা হয়েছে। আমাদের অসংখ্য ছাত্র ছাত্রী ভাই বোন বুকের তাজা রক্ত দিয়েছে আমাদের কথা বলার স্বাধীনতা নিশ্চিত করার জন্য।

অন্তবর্তি সরকার গঠিত হয়েছে। তার আগের বাংলাদেশে চাঁদাবাজি, দখলদারিত্ব, অর্থবাণিজ্য, হানাহানি, মারামারী একই গ্রপের মধ্যে মারামারি হয়ে হত্যার ঘটনাগুলো ছিল। আমরা আর সেই বাংলাদেশ দেখতে চাইনা।

এসময় তিনি জুলাই বিপ্লবের শহীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন, এবং আহতদের এবং তাদের পরিবারের অভিভাবকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির অধীনে উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (২২ ডিসেম্বর) সকালে সংগঠিত সংস্থার সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য খাতের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের ২ দিনব্যাপি ”উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ বিষয়ক দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান, সদর উপজেলার সহকারী মৎস্য কর্মকর্তা মোঃ জাকির হোসেন,পিএসকেএসের উপ-পরিচালক মোঃ কামরুল আলম, পিএসকেএসের মৎস্য কর্মকর্তা মোঃ ইকরামুল হাসান ও সহকরী মৎস্য কর্মকর্তা মোঃ খালেদ কবির সহ সমন্বিত কৃষি ইউনিটের সদস্যবৃন্দ।

উক্ত অনুষ্ঠানে উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষ ব্যবস্থাপনা, শীতকালে মৎস্য চাষীদের করণীয়, মাছের সাধারণ রোগ ও প্রতিকার, দেশি মাছ চাষের গুরুত্ব সহ মাছ চাষ সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।